



# জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড



জালালাবাদ গ্যাস

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

ওয়েবসাইট : [www.jalalabadgas.org.bd](http://www.jalalabadgas.org.bd)

প্রিপেইড গ্যাস মিটার ব্যবহার গ্রাহকদের  
সামাজিক, স্মার্ট ও টেকসই সমাধান।

শুধুমাত্র চর্চা করি  
সমৃদ্ধ সোনার বাংলা গড়ি

বিনা কারণে গ্যাসের চুলা ঝাপিয়ে রাখা  
আর বিপদকে ডাকা একই বিষয়।

## “আবাসিক শ্রেণিতে প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন সংক্রান্ত বিজ্ঞপ্তি”

- এতদ্বারা জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লি: এর আবাসিক শ্রেণির সম্মানিত সকল গ্রাহকগণের দৃষ্টি আকর্ষনপূর্বক অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শতভাগ আবাসিক গ্রাহকদের আঙিনায় প্রিপেইড গ্যাস মিটার স্থাপনের সরকারী নির্দেশনার অংশ হিসেবে সিলেট কর্পোরেশন ও সদয় উপজেলার বিভিন্ন এলাকায় সংযোগকৃত আবাসিক শ্রেণির গ্রাহকদের আঙিনায় প্রিপেইড গ্যাস মিটার (স্মার্ট টাইপ) স্থাপন এবং এ সকল মিটারের ভেঙ্গি/রিচার্জ কার্যক্রম মাঠ পর্যায়ে ইতোমধ্যে শুরু হয়েছে।
- নিরবচ্ছিন্ন গ্যাস সেবা প্রাপ্তি এবং শতভাগ আবাসিক গ্রাহকদের আঙিনায় প্রিপেইড গ্যাস মিটার স্থাপনের সরকারী নির্দেশনার অংশ হিসেবে দ্রুত আপনার আঙিনায় প্রিপেইড গ্যাস মিটার স্থাপন ও এ কাজে জালালাবাদ গ্যাসের মাঠ পর্যায়ে নিয়োজিত টাইমসমূহকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে বিনীত অনুরোধ করা হলো।

### প্রিপেইড গ্যাস মিটারের উন্নেখন্যোগ্য সুবিধাদি :

- এটি উন্নত ও ডিজিটাল গ্যাস-পরিমাপ পদ্ধতি। প্রকৃত ব্যবহার অনুযায়ী গ্যাসের জন্য অর্থ সাশ্রয়ের পাশাপাশি মূল্যবান প্রাকৃতিক গ্যাসের যথাযথ ব্যবহার নিশ্চিত হবে;
- গ্যাস বিল বকেয়া জনিত খেলাপী গ্রাহক হওয়ার সম্ভাবনা নেই। ট্যারিফ পরিবর্তনের কারণে বর্দ্ধিত নিরাপত্তা জামানতের প্রয়োজন হবে না;
- গ্রাহক যতটুকু গ্যাস ব্যবহার করবে; রিচার্জ হতে ততটুকুই বিল কাটা যাবে; রিচার্জকৃত অবশিষ্ট টাকা ব্যালেন্স হিসেবে মিটার একাউন্টেই জমা থাকবে। ইমারজেন্সি ব্যালেন্স সুবিধা থাকায় গ্যাস সরবরাহ নিরবচ্ছিন্ন থাকবে;
- প্রিপেইড গ্যাস মিটারের জন্য এককালীন কোন অর্থ প্রদান করতে হবে না; মিটার ভাড়া হিসেবে গ্রাহকের কাছ থেকে প্রতিমাসে একবার কার্ড রিচার্জের সময় ভাড়া আদায়/সম্বন্ধ করা হবে।
- স্মার্ট প্রযুক্তির এ মিটারটির ডিজাইন লাইফ ১০ বছর এবং সরবরাহকারীর ওয়ারেন্টি পিরিয়ড ৩০ বছর। ওয়ারেন্টি পিডিয়ডের মধ্যে কারিগরী কারণে মিটারে অংশ দেখা দিলে তা জেজিটিডিএসএল কর্তৃক বিনামূল্যে প্রতিস্থাপনযোগ্য হবে।

### সম্মানিত গ্রাহকের করণীয় :

- ব্যবহারগত flexibility : কারণে সংযোগকৃত প্রতিটি চুলার (সিসেল/ডাবল বার্নার) জন্য একটি করে প্রিপেইড মিটার স্থাপন করা হবে বিধায় যে সকল গ্রাহকদের একটি রাইজার হতে কমন জিআই লাইনের মাধ্যমে (ব্রাউন্ট টি এর মাধ্যমে) একাধিক চুলায় গ্যাস সংযোগ রয়েছে, তাদেরকে জেজিটিডিএসএল এর তালিকাভুক্ত ১.১ ক্যাটাগরিয়ে ঠিকাদারের মাধ্যমে নিজ খরচ ও ব্যবস্থাপনায় প্রতিটি রান্নাঘর/চুলার জন্য অভ্যন্তরীণ জিআই পাইপলাইনটি আলাদা/ পৃথকীকরণ করতে হবে। তবে যে সকল গ্রাহকদের একটি রাইজারের মাধ্যমে কেবলমাত্র একটি চুলায় (একক চুলা কিংবা দ্বৈত চুলা) সংযোগ রয়েছে সে সকল গ্রাহকদের অভ্যন্তরীণ জিআই পাইপলাইনটি (লিকেজমুক্ত থাকা সাপেক্ষে) পরিবর্তনের প্রয়োজনীয়তা নেই। এ সকল গ্রাহকদের আঙিনায় সরাসরি প্রিপেইড গ্যাস মিটার স্থাপন করা হবে।

- আপনাদের অভ্যন্তরীণ গ্যাস পাইপলাইন (জিআই লাইন) ও ফিটিংসমূহের সংযোগস্থল এবং চুলার নব/ বাটন/ হসপাইপ/ পিতলের চাবি ইত্যাদিতে লিকেজ আছে কি না নিয়মিত পরীক্ষা করুন। বাসা বাড়িতে লিকেজ পরিলক্ষিত হলে রাইজারের চাবি বন্ধ করে দ্রুত অনুমোদিত ও দক্ষ মিস্ট্রি দিয়ে লিকেজ মেরামতের ব্যবস্থা করুন। অন্যথায় যে কোন দুর্ঘটনার আশংকায় সার্বিক নিরাপত্তার স্বার্থে আপনাদের ঝুঁকিপূর্ণ সংযোগটি, প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা ১৯৯১ (সংশোধিত ২০০৩) ও প্রযোজ্য বিধি অনুযায়ী, চালু রাখা সম্ভবপর হবে না।

- কোন ঠিকাদারী প্রতিষ্ঠান/তার প্রতিনিধি জিআই লাইন পথকীকরণে কোন অতিরিক্ত অর্থ দাবী করলে কিংবা এ পর্যায়ে বিনামূল্যে সরবরাহকৃত প্রিপেইড মিটার স্থাপনের নামে কোন অনৈতিক সুবিধা দাবী করলে অথবা সম্মানিত গ্রাহকের যে কোন প্রয়োজনে উপ-প্রকল্প পরিচালক (প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন প্রকল্প), মোবাইল : ০১৯১২-২৪৯৭৪৯ অথবা জালালাবাদ গ্যাসের হটলাইন নম্বর : ১৬৫১১ অথবা নিকটস্থ আঞ্চলিক বিতরণ কার্যালয়ে নিম্নবর্ণিত নম্বরে যোগাযোগ করা যেতে পারে:

ব্যবস্থাপক (আবিকা সিলেট-পূর্ব) কুমারপাড়া, সিলেট মোবাইল ০১৭৩০-৩১২০৭৯	ব্যবস্থাপক (আবিকা সিলেট-পশ্চিম) কুমারগাঁও, সিলেট মোবাইল ০১৭৩০-৩১২০৮০	ব্যবস্থাপক (আবিকা সিলেট-উত্তর) মজুমদারী, সিলেট মোবাইল ০১৭৩০-৩১২০৭৪	আবিকা প্রধান (আবিকা সিলেট-দক্ষিণ) দক্ষিণ সুরমা, সিলেট মোবাইল ০১৭৩০-৩১২০৮১
---	---	---	--

জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ